# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৭৭টি প্রতিষ্ঠানকে ৪.৭৮ লক্ষ টাকা জরিমানা

**৭ ডিসেম্বর ২০১৬ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ২৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নেত্রকোণা, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, ময়মনসিংহ, কুড়িগ্রাম, লালমনিরহাট, ঝিনাইদহ, সিলেট, নওগাঁ, যশোর, বরিশাল, খুলনা, ব্রাহ্মণবাড়ীয়া, রাজশাহী, লক্ষ্মীপুর, সুনামগঞ্জ, দিনাজপুর, চুয়াডাঙ্গা, মৌলভীবাজার, বগুড়া ও পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর আদাবর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে সুমন ফুড প্রোডাক্ট ও শাহাদাৎ বেকারীকে যথাক্রমে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৬০,০০০/- (ষাট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে তামান্না ফার্মেসীকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে PICASSO Block Buster ও Munchies-2 Block Buster কে **৩,০০০/- (তিন হাজার)** টাকা করে **৬,০০০/- (ছয় হাজার)** টাকাসহ মোট **৫৬,০০০/- (ছাপ্পান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হাজী ফুড সুইটস এন্ড বেকারীকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে রয়েল হোস্ট রেস্টুরেন্ট ও দি রাশিদীয়া হোটেলকে যথাক্রমে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা ও **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকাসহ মোট **১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার বারহাট্টা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, মুন্সিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে মুন্সিগঞ্জের টংগিবাড়ী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের ধাঁনবাড়ী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের কালকিনি উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা এবং ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহের ভালুকা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,৫০০/- (আট হাজার পাঁচশত)** টাকাসহ মোট **৫২,৫০০/- (বাহান্ন হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের রাজারহাট উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, লালমনিরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে লালমনিরহাট সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেট মহানগরের দক্ষিণ সুরমা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর মহাদেবপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পচিশ হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের আগৈলঝাড়া উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনার ডুমুরিয়া উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে

ব্রাহ্মণবাড়ীয়ার আশুগঞ্জ উপজেলায় **৩টি প্রতিষ্ঠানকে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর গোদাগাড়ী উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে লক্ষ্মীপুরের কমলনগর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২১,০০০/- (একুশ হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৯,৩০০/- (উনিশ হাজার তিনশত)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে চুয়াডাঙ্গা সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজারের কুলাউড়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর গলাচিপা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকাসহ মোট **১,৮০,৩০০/- (এক লক্ষ আশি হাজার তিনশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতাতে কারচুপি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **২৬টি** বাজার তদারকি ও **২টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৭৭টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৭৮,৮০০/- (চার লক্ষ আটাত্তর হাজার আটশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **২ জন** অভিযোগকারীকে মং **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ৬ ডিসেম্বর ২০১৬ তারিখে অভিযোগ শুনানীর মাধ্যমে প্রনব কুমার প্রামানিক কর্তৃক প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে আগোরা সুপার সপকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, কৃষি কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, প্রাণী সম্পদ অফিসের প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ মাসুম আরেফিন)
সহকারী পরিচালক (তদন্ত)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, নেত্রকোণা, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, ময়মনসিংহ, কুড়িগ্রাম, লালমনিরহাট, ঝিনাইদহ, সিলেট, নওগাঁ, যশোর, বরিশাল, খুলনা, ব্রাহ্মণবাড়ীয়া, রাজশাহী, লক্ষ্মীপুর, সুনামগঞ্জ, দিনাজপুর, চুয়াডাঙ্গা, মৌলভীবাজার, বগুড়া ও পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, নেত্রকোণা, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, ময়মনসিংহ, কুড়িগ্রাম, লালমনিরহাট, ঝিনাইদহ, সিলেট, নওগাঁ, যশোর, বরিশাল, খুলনা, ব্রাহ্মণবাড়ীয়া, রাজশাহী, লক্ষ্মীপুর, সুনামগঞ্জ, দিনাজপুর, চুয়াডাঙ্গা, মৌলভীবাজার, বগুড়া ও পটুয়াখালী।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।